

উপজেলা কৃষি ও সেচ উপ-কমিটি সভার কার্যবিবরণীঃ

স্থান	ঃ উপজেলা চেয়ারম্যানের কার্যালয়।
তারিখ	ঃ ৩০/১১/২০২৩ খ্রিঃ।
সময়	ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
সভাপতি	ঃ জনাব এএসএম রফিকুল ইসলাম মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

উপস্থিতি স্বাক্ষরিত পরিশিষ্ট 'ক'মোতাবেক

অধ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে উপজেলা কৃষি অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধাকে আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা করার জন্য বলা হয়।

আলোচনা-১ঃ

শুরুতেই তিনি জানান যে চলমান রবি প্রণোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে প্রতিটি ইউনিয়নে হাইব্রিড ও উফসী ধান, সরিষা, গম, ভুট্টা, পেয়াজ, মুগ, মশুর, চিনাবাদাম, সয়াবিন বীজ ও সার বিতরণ চলমান রয়েছে। রবি মৌসুমে বোরো বোরো বীজতলা তৈরি, সরিষা, গম ভুট্টা ও শীত কালীন সবজি উৎপাদনে উপসহকারী কৃষি কর্মকর্তা গন পরামর্শ অব্যাহত রেখেছেন।

সিদ্ধান্তঃ

রবি মৌসুমে বোরোধান, সরিষা, গম, ভুট্টা ও শীত কালীন সবজি উৎপাদনে উদ্বুদ্ধকরণে পরিষদের সকল সদস্যের কাছে সহযোগিতার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা- ২ঃ

সদস্য সচিব জানান যে রবি মৌসুমে কন্ট্রোল হারভেস্টার, রিপার, রিপার বাইন্ডার এর আবেদন সাপেক্ষ বরাদ্দ প্রাপ্তির জন্য প্রেরণ করা হয়।

সিদ্ধান্তঃ

বরাদ্দ সাপেক্ষ বিতরণ পরিষদের সবার কাছে সহযোগিতার সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা-৩ঃ

সদস্য সচিব সভায় জানান যে, চলিত রবি মৌসুমে বোরো বীজতলা তৈরি কার্যক্রম চলমান রয়েছে। কৃষকদের চাহিদা মতো প্রত্যেক রাসায়নিক সার ডিলারের ঘরে পর্যাপ্ত সারের মজুদ আছে। সার, কীটনাশক সংকটের কোন আশঙ্কা নাই। সেচ যন্ত্রের মাধ্যমে সেচ প্রদানের জন্য কৃষকদেরকে মাঠকর্মীরা পরামর্শ প্রদান করছেন। আশা করা যায় বোরো ধান আশানুরূপ উৎপাদিত হবে।

সিদ্ধান্তঃ

চলতি রবি মৌসুমে বোরো ধান উৎপাদনে, সার কীটনাশক সহ কৃষি উপকরণ যাতে সহজে কৃষকরা হাতের নাগালে পায় সেজন্য মাঠ পর্যায় সহ সকল কর্মকর্তাকে নিবিড় ভাবে মনিটরিং করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়।

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে আবারো ধন্যবাদ এবং সবার সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ

পলাশবাড়ী, গাইবান্ধা।